# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৩৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৩৮]

পর্ব-১৮: ভয়কালীন সালাত (كتاب صلاة الخوف)

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، عَنْ مَالِكٍ، عَنْ يَزِيدَ بْنِ رُومَانَ، عَنْ صَالِحِ بْنِ خَوَّاتٍ، عَمَّنْ صَلَّى مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ ذَاتِ الرِّقَاعِ صَلَاةَ الْخَوْفِ: أَنَّ طَائِفَةً صَفَّتْ مَعَهُ وَطَائِفَةٌ وِجَاهَ الْعَدُوِّ فَصَلَّى بِالَّذِينَ مَعَهُ رَكْعَةً، ثُمَّ ثَبَتَ قَائِمًا وَأَتَمُّوا لِأَنْفُسِهِمْ ثُمَّ انْصَرَفُوا فَصَفُّوا وِجَاهَ الْعَدُوِّ، وَجَاءَتِ الطَّائِفَةُ الْأُخْرَى فَصَلَّى بِهِمُ الرَّكْعَةَ الَّتِي بَقِيَتْ مِنْ صَلَاتِهِ، ثُمَّ ثَبَتَ جَالِسًا وَأَتَمُّوا لِأَنْفُسِهِمْ ثُمَّ سَلَّمَ بِهِمْ .

تخريج دارالدعوه: انظر ما قبله (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1538 ـ صحيح

বাংলা

১৫৩৭. কুতায়বাহ্ (রহ.) ..... সালিহ ইবনু খাওয়াত (রহ.) সূত্রে ঐ সাহাবী যিনি যাতুর রিকা-এর জিহাদের দিন রসূলুল্লাহ (সা.) -এর সাথে ভয়কালীন সালাত আদায় করেছিলেন তার হতে বর্ণিত। একদল রসূলুল্লাহ (সা.) -এর সাথে কাতারবন্দী হয়ে দাঁড়িয়ে গেল আর একদল শত্রুর মুখোমুখি (দাড়িয়ে গেল)। যারা তার সাথে ছিল তিনি তাঁদের নিয়ে এক রাকআত সালাত আদায় করলেন। তারপর তিনি ঠায় দাঁড়িয়ে রইলেন এবং তারা নিজেদের সালাত পূর্ণ করে নিল। অতঃপর তারা ফিরে গিয়ে শত্রুর মুখোমুখি কাতারবন্দী হয়ে দাঁড়িয়ে গেল আর দ্বিতীয় দল এসে গেলে তিনি তাঁদের নিয়ে ঐ রাক'আত আদায় করে নিলেন। যে রাক’আত তাঁর সালাত থেকে বাকি রয়ে গিয়েছিল। অতঃপর তিনি ঠায় বসে রইলেন এবং তাঁরা নিজেদের বাকি সালাত পূর্ণ করে নিল। তারপর তিনি তাদের নিয়ে সালাম ফিরালেন।

## English

It was narrated from Salih bin Khawwat from one who had prayed the fear

prayer with the Messenger of Allah (ﷺ) on the day of Dhat Ar-Riqa' that: One group had formed a row behind him and another group faced the enemy. He led those who were with him in praying one rak'ah, then he remained standing and they completed the prayer by themselves. Then they moved away and formed a row facing the enemy, and the other group came and he led them in praying the rak'ah that was left for him, then he remained sitting while they completed the prayer by themselves, then he said the taslim with them.

## ফুটনোট

সহীহঃ বুখারী ৪১২৯, মুসলিম ৮৪১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সালিহ ইবনু খাওয়াত (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90033

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন